ঝিনাইদহে বয়স্ক শিক্ষার্থীদের মাঝে কুরআন শরীফ বিতরণ

ইসলামের আলো ছড়িয়ে দিতে ঝিনাইদহে গ্লোবাল সেন্টার ফর কুরআন এন্ড পিস এর বয়স্ক শিক্ষার্থীদের মাঝে কুরআন শরীফ বিতরণ করা হয়েছে।

আজ শনিবার (০৯ নভেম্বর) সকালে শহরের কুটুম কমিউনিটি সেন্টারে গ্লোবাল সেন্টার ফর কুরআন এন্ড পিস বিজয়নগর ঢাকা নামের একটি সংগঠনের পক্ষ থেকে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এতে সংগঠনটির পরিচালক ব্যারিস্টার তরিকুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সিদ্দিকীয়া মাদ্রাসার অধ্যক্ষ রুহুল কুদ্দুস।

সেসময় কালীগঞ্জ শোয়াইবনগর মাদ্রাসার অধ্যক্ষ নুরুল হুদা, ঝিনাইদহ সিদ্দিকীয়া কামিল মাদ্রাসার সহ-অধ্যক্ষ আব্দুর রাজ্জাক, সাংবাদিক ফয়সাল আহমেদ, সাবেক অধ্যক্ষ রবিউল ইসলাম, গ্লোবাল সেন্টার ফর কুরআন এন্ড পিস এর সদস্য খালেদ আহমেদ, ডা. নাজমুল হাসান, এডভোকেট শফিউল আলম, আব্দুর রশিদ, প্রভাষক রোকনুজ্জামান, সমাজসেবা অফিসার হাসানুজামান, ইঞ্জিনিয়ার কামরুল ইসলাম, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিচালক নিজাম উদ্দীন, কারী আব্বাস আলী ও হাফেজ মাওলানা ইমরানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন শাহজালাল ইসলামী ব্যাংক হাটগোপালপুর শাখার ব্যবস্থাপক এটি.এম শামছুজ্জামান।

আলোচনা সভা শেষে সদর উপজেলার বিভিন্ন এলাকার নানা শ্রেণী পেশার ৩৬ জন বয়স্ক মানুষের মাঝে কুরআন শরীফ বিতরণ করা হয়। এর আগে সংগঠনটির পক্ষ থেকে বিভিন্ন মসজিদে বয়স্ক এসব মানুষের কুরআন শিক্ষা দেওয়া হয়।